Nicco Parks & Resorts Limited
A Joint Sector Co. with GoWB (WBIDC & WBTDC)
REGD. OFFICE : JHEEL MEEL, SECTOR IV, SALT LAKE CITY, KOLKATA - 700 106
CIN : L92419WB1989PLC046487, nicco_park

SECY/P-1A-NPRL/St.Ex/02/24-25

Date: 16.11.2024

**The Manager**
**Department of Listing Compliance**
**Bombay Stock Exchange Ltd.**
1st Floor, New Trading Ring
Rotunda Bldg, P J Towers
Dalal Street, Mumbai- 400 001.
[Fax Nos. 022-2272 3121/2037/2041/2061]
(Scrip/Company Code: 526721/Niccopar)

Dear Sir,

**<u>Subject: Submission of Newspaper Advertisement</u>**

In terms of Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended), we submit herewith copy of the Newspaper Advertisement Corrigendum published in "Ekdin" (Bengali newspaper) (Kolkata Edition) on November 16, 2024 with respect to the Un-Audited (Standalone and Consolidated) Financial Results of the Company for the Quarter and six months ended September 30, 2024 and the same is also being made available on the website of the Company, viz., www.niccoparks.com.


Kindly acknowledge receipt.

Thanking you.

Yours faithfully,
For **NICCO PARKS & RESORTS LTD.**

**Rahul Mitra**
**Executive President-**
**Company Secretary & Compliance Officer**

# সিলিন্ডারে ভর্তুকি অনুপ্রবেশকারীদের, কং বিধায়কের মন্তব্যে নিন্দা মোদির



**রাঁচি, ১৫ নভেম্বর:** বিধানসভা ভোটে জেএমএম-কংগ্রেস-আরজেডি জোট জিতলে ঝাড়খণ্ডবাসীদের রান্নার গ্যাসের সিলিন্ডারে ভর্তুকি দেওয়া হবে। বাদ পড়বেন না তথাকথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীরাও। এআইসিসির সাধারণ সম্পাদক তথা জম্মু ও কাশ্মীরের কংগ্রেস বিধায়ক গুলাম আহমেদ মির ওই প্রতিশ্রুতি দেওয়ার পরেই বিতর্কের ঝড় বইছে ঝাড়খণ্ড ভোটে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-সহ বিজেপির কেন্দ্রীয় এবং রাজ্যস্তরের নেতারা শুক্রবার থেকেই বাংলাদেশি অনুপ্রবেশ নিয়ে নিশানা করেছেন বিরোধী জোট 'ইন্ডিয়া'কে। প্রসঙ্গত, বৃহস্পতিবার চন্দ্রপুরায় একটি জনসভায় মির বলেন, 'নতুন সরকার গঠনের পরেই ঝাড়খণ্ডে গ্যাসের সিলিন্ডারের দাম ৪৫০ টাকা কমিয়ে দেওয়া হবে। এই সুবিধা হবে হিন্দু-মুসলিম নির্বিশেষে সকলের জন্য। অনুপ্রবেশকারী বা অন্য যে কারও জন্য।'

প্রধানমন্ত্রী মোদি শুক্রবার এই প্রসঙ্গে বাংলাদেশি অনুপ্রবেশের প্রসঙ্গ টেনে কংগ্রেসকে নিশানা করে বলেন, 'কংগ্রেস দেশের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলতে চাইছে।' প্রসঙ্গত, এ বার ঝাড়খণ্ডে বিধানসভা ভোটে প্রচারের গোড়া থেকেই 'বাংলাদেশি অনুপ্রবেশ' প্রসঙ্গে সরব বিজেপি নেতৃত্ব। মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের মতো শীর্ষস্তরের নেতারা এ বিষয়ে সে রাজ্যের 'মহাগঠবন্ধন' সরকারকে দুষেছে। তাঁদের অভিযোগ, ধারাবাহিক ভাবে বাংলাদেশি অনুপ্রবেশের ফলে ঝাড়খণ্ডে জনবিন্যাসের চরিত্র বদলে যাচ্ছে। জনজাতি জনসংখ্যা আনুপাতিক হারে কমছে। প্রসঙ্গত, বাংলার পড়শি রাজ্যের ৮১টি বিধানসভা আসনের মধ্যে গত ১৩ নভেম্বর প্রথম দফায় ৪৩টি আসনে ভোট হয়েছে। আগামী ২০ নভেম্বর বাকি ৩৮টিতে হবে। গণনা ২৩ নভেম্বর।

# বিজেপি সাংসদের 'মাটন পার্টি'তে ধুন্ধুমার


**নয়ডা, ১৫ নভেম্বর:** বিজেপি সাংসদের 'মাটন পার্টি' একেবারে রণক্ষেত্রে পরিণত। উত্তরপ্রদেশের ভদোহি জেলায় মাংস চেয়ে শুধু ঝোল পেতেই বাধল ধুন্ধুমার কাণ্ড। খাওয়াদাওয়ার মাঝপথে মাংস আর ঝোল নিয়ে মারামারি শুরু হওয়ায় পার্টি ছেড়ে পালিয়ে বাঁচলেন অতিথিরা।

জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে ভদোহির বিজেপি সাংসদ বিনোদ বিন্দ মির্জাপুরে দলীয় কার্যালয়ে 'মাটন পার্টি'র আয়োজন করেছিলেন। আশপাশের গ্রাম থেকে আসা ২৫০ জনকে দলীয় কার্যালয়ের সামনে চাতালে বসে খাওয়ানো হচ্ছিল। মাংস আর রুটি পরিবেশন করা হয়েছিল গ্রামবাসীদের। সবাই যখন খেতে ব্যস্ত, সেই সময়ে সাংসদের গাড়িচালকের ভাই কার্যালয়ে আসেন।

স্থানীয় সূত্রে খবর, সাংসদের গাড়িচালকের ভাইও খাবার পরিবেশন করা শুরু করেন। সেই সময় এক যুবকের পাতে মাংসের বদলে শুধু ঝোল দিয়েছিলেন বলে দাবি। কেন মাংস না দিয়ে শুধু ঝোল দেওয়া হল, তা নিয়েই তর্কাতর্কি থেকে পরিস্থিতি হাতাহাতিতে পৌঁছয়। এই পরিস্থিতিতে দু'পক্ষের বেশ কয়েকজন ওই সংঘর্ষে জড়িয়ে পড়েন। খাবারের পাত্র উলটে দেওয়া হয়। মাংস, ঝোল সব ফেল দেওয়া হয় বলে অভিযোগ। শুধু তা-ই নয়, পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছয় যে, দু'পক্ষের মধ্যে দেদার লাথি, ঘুষি চলতে থাকে। এই পরিস্থিতি দেখে খাবার ফেলেই পালাতে শুরু করেন গ্রামবাসীরা। এই ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছেন বলে স্থানীয় সূত্রে খবর।

সাংসদের কার্যালয়ের দায়িত্বে থাকা উমাশঙ্কর বিন্দের দাবি, একটি গ্রাম থেকে বেশ কয়েকজন মদ্যপান করে কার্যালয়ে আসেন। তাঁরাই গণ্ডগোল করার চেষ্টা করেন। যদিও তাঁদের ঘটনাস্থল থেকে সরিয়ে দেওয়া হয়েছিল তখনই।

# যোগী রাজ্যে সরকারি চাকরিতে দুর্নীতি, সিবিআই তদন্তের নির্দেশ



**নয়ডা, ১৫ নভেম্বর:** সরকারি চাকরির ১৮৬টি পদের মধ্যে ২০ শতাংশ পদে নিয়োগ করা হয়েছে বিজেপির নেতা-মন্ত্রী ও উচ্চপদস্থ আমলার আত্মীয়দের। এই ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিল এলাহাবাদ হাই কোর্ট। যেখানে আবেদনকারীর সংখ্যা ছিল আড়াই লক্ষ।

অভিযোগ, বছর তিনেক আগে উত্তরপ্রদেশের বিধানসভা ও বিধান পরিষদে কর্মী নিয়োগের পরীক্ষা হয়। ১৮৬টি পদে যথাসময়ে পরীক্ষা ও নিয়োগ সম্পন্ন হতেই অভিযোগ ওঠে ব্যাপক দুর্নীতি হয়েছে এই প্রক্রিয়ায়। যাঁদের নিয়োগ করা হয়েছে তার মধ্যে পাঁচজনের একজন নেতা বা আমলার আত্মীয়। চাকরিপ্রার্থীরা এই ইস্যুতে মামলা দায়ের করেন এলাহাবাদ হাইকোর্টে। অভিযোগ তোলা হয়, এমন অনেককে চাকরি দেওয়া হয়েছে যাঁদের ওই পদে বসার যোগ্যতাই নেই। শুধুমাত্র বিজেপি নেতা-মন্ত্রীর সুপারিশে চাকরি হয়েছে তাঁদের।

ঘটনা প্রকাশ্যে আসার পর আদালতে রাজ্য সরকারের তরফে জানানো হয়, যে দুর্নীতির অভিযোগ উঠছে সরকারি এজেন্সি তদন্ত শুরু করেছে। যদিও রাজ্যের তদন্ত প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তোলার পাশাপাশি এই ঘটনাকে ভয়ংকর দুর্নীতি বলে চিহ্নিত করে আদালত এবং স্পষ্ট ভাবে নির্দেশ দেওয়া হয়, এই চাকরি দুর্নীতি মামলার তদন্ত করবে সিবিআই।

গোটা ঘটনা প্রকাশ্যে আসার পর স্বাভাবিক ভাবেই প্রশ্ন তুলতে শুরু করে উত্তরপ্রদেশের বিরোধীরা। অভিযোগ উঠছে, বিজেপি সরকারের আমলে রাজ্যের যুব সমাজের বেহাল অবস্থাটা আরও একবার স্পষ্ট হয়ে উঠল। যোগ্যদের বঞ্চিত করে বেছে বেছে বিজেপি নেতার আত্মীয়দের চাকরি দেওয়া হচ্ছে।

# ভারতের তৈরি পিনাক কিনতে আগ্রহী ফ্রান্স-আর্মেনিয়া



**নয়াদিল্লি, ১৫ নভেম্বর:** প্রতিরক্ষা বাজারে ক্রমশ চাহিদা বাড়ছে ভারতের তৈরি যুদ্ধাস্ত্র পিনাকের। বিশ্ব বাজারে বাড়তে থাকা চাহিদার কথা মাথায় রেখেই বৃহস্পতিবার পিনাক রকেট লঞ্চার সিস্টেমের সফল পরীক্ষা করল ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি এই পিনাক হল মাল্টি ব্যারেল রকেট লঞ্চার।

জানা যাচ্ছে, ভারতের তৈরি অত্যাধুনিক এই অস্ত্র কিনতে আগ্রহী একাধিক দেশ। পশ্চিম এশিয়ার আর্মেনিয়া আগেই আগ্রহ প্রকাশ করেছিল পিনাক কিনতে। পাশাপাশি আরও জানা যাচ্ছে, ফ্রান্সও অত্যাধুনিক এই অস্ত্র কনতে আগ্রহী। শিবের ধনুক পিনাকের নামে নামকরণ করা হয়েছে এই অস্ত্রের। এটি মূলত মাল্টি ব্যারেল রকেট লঞ্চার। শুক্রবার প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, গাইডেড পিনাক ওয়েপন সিস্টেমের সফল পরীক্ষা করেছে ডিআরডিও। এর সফল পরীক্ষা ভারতের প্রতিরক্ষার ক্ষেত্রে আরও একটি ধাপ।

প্রতিরক্ষা ক্ষেত্রে আত্মনির্ভরতার পথে বহুদিন ধরেই নিজের অস্তিত্ব জানান দিয়েছে ভারত। বর্তমানে বিশ্বের একাধিক দেশকে অস্ত্র বিক্রি করে প্রতিরক্ষামন্ত্রক। আন্তর্জাতিক ক্ষেত্রে সবচেয়ে বেশি চাহিদা রয়েছে ভারতের ব্রহ্মস ক্ষেপণাস্ত্রের। এর পাশাপাশি ডর্নিয়ের-২২৮ যুদ্ধবিমান, রকেট লঞ্চার, অগ্নিনির্বাপণ যন্ত্র, নাইট ভিশন বাইনোকুলার, শত্রুর গতিবিধি নজরে রাখার রাডার-সহ বহু সামগ্রী। এবার সেই তালিকায় যুক্ত হচ্ছে পিনাক।

রাশিয়ার গ্রাড বিএম-২১ রকেট লঞ্চারের অনুকরণে তৈরি হয়েছে এই পিনাক। যা বর্তমানে ইউক্রেন যুদ্ধে ব্যবহৃত মার্কিন হিমারস সিস্টেমের সমতুল। ১৯৯৯ সালে কার্গিল যুদ্ধে ব্যবহার করা হয়েছিল এই অস্ত্র। পাক সেনার বাঙ্কার গুঁড়িয়ে দিতে ব্যাপক কার্যকর হয়ে ওঠে পিনাক। পরে ধাপে ধাপে বাড়ানো হয়েছে এর ক্ষমতা। আগে এর পাল্লা ছিল ৪০-৪৫ কিলোমিটার। বর্তমানে তা বেড়ে হয়েছে ৭৫ কিলোমিটার। ডিআরডিও-এর লক্ষ্য এর পাল্লা ২০০ কিলোমিটার পর্যন্ত বাড়ানো। মাত্র ৪৪ সেকেন্ডে ১২টি রকেট ছুড়তে পারে পিনাক। এর দু'টি প্যাড রয়েছে, যার প্রতিটিতে ৬টি করে রকেট রয়েছে। পিনাকের একটি ব্যাটারি একবারে ৭২টি রকেট ছুঁড়তে পারে। শুধু তাই নয়, ট্রাকে করে সহজে এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া যায় এটি।

# মাংস কিনতে গিয়ে খুন যুবক!



**নয়ডা, ১৫ নভেম্বর:** উত্তরপ্রদেশের নয়ডার দোকানে মাংস কিনতে গিয়ে এক যুবক খুন হলেন বলে অভিযোগ। সেখানে তাঁকে কুপিয়ে খুন করার অভিযোগ উঠল অন্য এক ক্রেতার বিরুদ্ধে। প্রত্যক্ষদর্শীদের দাবি, তোয়ালে নিয়ে শাহজাদের সঙ্গে অভিযুক্তের ঝামেলার হয়েছিল। তার জেরেই শাহজাদকে কুপিয়ে খুন করেন অভিযুক্ত। খুনের পর দোকান থেকে খালি হাতে ফেরেননি তিনি। দোকানিকে যে মাংসের বরাত দিয়েছিলেন, তা নিয়ে বেরিয়ে যান। ঘটনার এক দিন পরে শুক্রবার ভোরে অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, শাহজাদের বয়স ৩৫ বছর। তিনি মেরঠের বাসিন্দা। তবে বর্তমানে নয়ডায় থাকতেন। বৃহস্পতিবার দুপুরে নয়ডার সেক্টর ১১৭তে গুলজার নামে এক ব্যক্তির দোকানে মাংস কিনতে গিয়েছিলেন শাহজাদ। সে সময় সেখানে মাংস কিনতে গিয়েছিলেন অভিযুক্তও। প্রত্যক্ষদর্শীদের দাবি, শাহজাদের কাছে একটি তোয়ালে ছিল। সেই তোয়ালে ধার চান অভিযুক্ত। সেই নিয়েই দু'জনের বচসা শুরু হয়। অভিযোগ, বচসার সময় মাংস কাটার ছুরি নিয়ে শাহজাদের পেটে কোপ মারেন অভিযুক্ত।

হতভম্ব শাহজাদ আঘাত পেয়ে ছুটে দোকান থেকে বেরিয়ে যান। অভিযুক্ত তাঁকে ধাওয়া করে বাইরে গিয়ে আবার কোপ মারতে থাকেন বলে অভিযোগ। প্রত্যক্ষদর্শীদের দাবি, শাহজাদ মাটিতে লুটিয়ে পড়লে অভিযুক্ত দোকানে ফিরে আসেন। তাঁর জন্য প্যাকেটে ভরে রাখা মাংস নিয়ে দোকান থেকে বেরিয়ে যান।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। শাহজাদের দেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যায়। স্থানীয় সিসি ক্যামেরার ফুটেজ দেখে অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু করে পুলিশ। তারা জানতে পারে, অভিযুক্তের নাম অমরজিৎ মাহাতো। তিনি বিহারের বাসিন্দা। শুক্রবার ভোরে সেক্টর ১১৭-র একটি জঙ্গলে অমরজিতের খোঁজ পায় পুলিশ। ধরতে গেলে পুলিশকে লক্ষ্য করে গুলি ছোড়েন অভিযুক্ত। পুলিশ পালটা গুলি চালালে, তা অমরজিতের পায়ে লাগে বলে অভিযোগ। শেষে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। তাঁর বন্দুক এবং শাহজাদকে খুনের ছুরিও বাজেয়াপ্ত করেছে পুলিশ।

**নিক্কো পার্কস অ্যান্ড রিসোর্টস লিমিটেড**
PARKS
CIN- L92419WB1989PLC046487
রেজিঃ অফিস- 'ঝিল মিল', সেক্টর ৪, সল্টলেক সিটি, কলকাতা – ৭০০ ১০৬

**সংশোধনী**

গত ইং ১৫.১১.২০২৪ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত **'৩০ শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ'** বিজ্ঞাপনে দ্রষ্টব্য অনুচ্ছেদে ৪ নং তে "অর্থবছর ২০২৪-২৫ এর জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ @২০% (ভেস ভ্যালু ১ টাকার উপর ত্রিশ পয়সা) পরিচালন পর্ষদ তার পূর্বোক্ত সভায় অনুমোদন করেছে।"- এর পরিবর্তে **"অর্থবছর ২০২৪-২৫ এর জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ @২০% (ফেস ভ্যালু ১ টাকার উপর কুড়ি পয়সা) পরিচালন পর্ষদ তার পূর্বোক্ত সভায় অনুমোদন করেছে।"** পড়তে হবে। অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে। অসুবিধার জন্য দুঃখিত।

# কানাডার হিন্দু মন্দিরে হামলাকারী পুলিশকে ক্লিনচিট, প্রশ্ন ট্রুডোর খলিস্তান প্রীতি নিয়ে




**ওটায়া, ১৫ নভেম্বর:** খলিস্তানি পতাকা হাতে নিয়ে হিন্দু মন্দিরে হামলা চালানোর অভিযোগ উঠেছিল খোদ পুলিশ আধিকারিকের বিরুদ্ধে। চাপে পড়ে ওই আধিকারিককে সাসপেন্ড করে কর্তৃপক্ষ। কিন্তু দিনকয়েক পরেই অভিযুক্ত পুলিশকে ক্লিনচিট দিল স্থানীয় পুলিশ। তাদের তরফে স্পষ্ট জানিয়ে দেওয়া হল, হামলার সময়ে আইন মেনেই নিজের কর্তব্য পালন করেছিলেন অভিযুক্ত পুলিশ আধিকারিক।

গত ৩ নভেম্বর টরন্টোর কাছে ব্রাম্পটনের হিন্দু সভা মন্দিরে হামলা চালায় খলিস্তানিরা। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে খলিস্তানি তাণ্ডবের সেই ভিডিও। ভাইরাল হওয়া ওই ভিডিওতে দেখা যায়, মন্দিরে আসা পুণ্যার্থীদের বেধড়ক মারধর করছে হলুদ পতাকাধারী জঙ্গিরা। রেহাই পায়নি মহিলা ও শিশুরাও। মারধর করা হয় তাদেরও। স্থানীয়দের দাবি, ঘটনাস্থলে পুলিশ থাকলেও তারা হামলাকারীদের বাধা দেয়নি। পুলিশের উপস্থিতিতেই মন্দির চত্বরে তাণ্ডব চলে। ভাইরাল ভিডিওতে আরও দেখা যায়, খলিস্তানিদের হলুদ পতাকা হাতে নিয়ে হামলাকারীদের মধ্যে রয়েছেন পুলিশ আধিকারিক হরিন্দর সোহি। তার পরেই প্রবল সমালোচনার মুখে পড়ে জাস্টিন ট্রুডোর প্রশাসন। চাপের মুখে পড়ে ঘটনার দু'দিন পরে সাসপেন্ড করা হয় হরিন্দরকে। কানাডা পুলিশের তরফে বিবৃতি দিয়ে বলা হয়, মন্দিরের বাইরে হিংসার যে ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে সেই ফুটেজ পুলিশ পেয়েছে। এই ফুটেজে এক পুলিশ আধিকারিককে বিক্ষোভকারীদের সঙ্গে সামিল হতে দেখা গিয়েছে। অভিযুক্ত ওই আধিকারিককে ইতিমধ্যেই সাসপেন্ড করা হয়েছে। পাশাপাশি গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে।

কিন্তু তদন্তের মাত্র ১০ দিনের মধ্যেই 'নির্দোষ' হিসাবে ঘোষণা করা হল হরিন্দরকে। কানাডার পুলিশের বিবৃতিতে বলা হয়েছে, ঘটনার দিন আইনিভাবেই নিজের কাজ করছিলেন ওই আধিকারিক। তদন্তে জানা গিয়েছে, ভিডিওতে যে দৃশ্য দেখা যাচ্ছে ওই সময়ে আসলে এক বিক্ষোভকারীর হাত থেকে অস্ত্র নামিয়ে দেওয়ার চেষ্টা করছিলেন তিনি। কিন্তু ওই বিক্ষোভকারী কিছুতেই অস্ত্র ফেলতে রাজি হননি, উলটে পুলিশকে আক্রমণ করতে আসেন। এই দাবির পক্ষে একটি ভিডিও প্রকাশ করেছে কানাডার পুলিশ। তবে বিতর্কিত পুলিশ আধিকারিক ক্লিনচিট পাওয়ার পরেই প্রশ্ন উঠছে ট্রুডোর খলিস্তানপ্রীতি নিয়ে।

# ইরানে হিজাব না পরলে পাঠানো হবে মনোচিকিৎসা ক্লিনিকে



**তেহরান, ১৫ নভেম্বর:** কয়েকদিন আগের কথা। হিজাব ফতোয়ার প্রতিবাদে অন্তর্বাস পরে বিশ্ববিদ্যালয় চত্বরে উপস্থিত হয়েছিলেন ইরানের এক তরুণী। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দাবি করেছিল, জিজ্ঞাসাবাদ করার সময় পরিষ্কার হয়ে গিয়েছে ওই তরুণী মানসিক সমস্যায় ভুগছেন। আর এবার জানা গেল, বাধ্যতামূলক হিজাব আইন যাঁরা মানবেন না তাঁদের জন্য মনোচিকিৎসার ক্লিনিক খুলছে সেদেশের প্রশাসন। ইরানের নারী এবং পরিবার সংক্রান্ত বিভাগের প্রধান মেহরি তালেবি দারেস্তানি এমনটাই জানিয়েছেন। এমন ঘোষণার কথা প্রকাশ্যে আসার পরই মানবাধিকার আন্দোলনকারীরা প্রতিবাদে মুখর হয়েছেন।

জানা যাচ্ছে, প্রস্তাবিত ক্লিনিকটির নাম 'হিজাব রিমুভাল ট্রিটমেন্ট ক্লিনিক'। দারেস্তানির দাবি, 'হিজাব না পরলে বিজ্ঞানসম্মত ও মানসিক চিকিৎসা করা হবে।' আর এমন মন্তব্যের পরই বিতর্কের ঝড় উঠতে শুরু করেছে। ইরান-সহ সারা বিশ্বের মানবাধিকার কর্মীরা তীব্র নিন্দা করেছেন এমন ক্লিনিকের। তাঁদের দাবি, এর মাধ্যমে যে মহিলারা হিজাব পরতে চাইবেন না তাঁদের কলঙ্কিত করে দেওয়ার পরিকল্পনা করা হয়েছে।

ব্রিটেনে বসবাসকারী ইরানের সাংবাদিক সীমা সাবেত বলছেন, এমন প্রস্তাব 'হাড়হিম' করছে। অন্যদিকে ইরানের মানবাধিকার বিষয়ক আইনজীবী হোসেইন রাইসির দাবি, এমন কোনও নিদান ইসলামিক বা ইরানের আইনে নেই। সেই সঙ্গে তিনি জানিয়েছেন, এই ক্লিনিকের তত্ত্বাবধানকারী সংস্থা সরাসরি সুপ্রিম লিডার খামেনেইয়ের কাছে রিপোর্ট করবে। আশঙ্কা, এই ক্লিনিক আসলে এক 'ডিটেনশন সেন্টার' তথা বন্দিশিবিরেরই নামান্তর। ব্রিটিশ সংবাদপত্র 'দ্য গার্ডিয়ান'-এর সঙ্গে কথা বলার সময় ইরানের এক তরুণী বলেছেন, এটা কোনও ক্লিনিক নয়, এটা আসলে জেলখানা।

# ট্রাম্পের ক্যাবিনেটের স্বাস্থ্যসচিব হলেন রবার্ট এফ কেনেডি জুনিয়র

**ওয়াশিংটন, ১৫ নভেম্বর:** ভ্যাকসিন নিলে অটিজম হয়! কৃষ্ণাঙ্গরাই বেশি করে কোভিডে আক্রান্ত হয়! এমনই নানা আজব মন্তব্য করার 'নজির' রয়েছে তাঁর। সেই রবার্ট এফ কেনেডি জুনিয়রকে নিজের ক্যাবিনেটের স্বাস্থ্যসচিব হিসাবে বেছে নিলেন ডোনাল্ড ট্রাম্প। উল্লেখ্য, সম্পর্কে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট জন এফ কেনেডির ভাইপো হন আমেরিকার নতুন স্বাস্থ্যসচিব।

দ্বিতীয় দফায় প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পরে নিজের ক্যাবিনেটে একঝাঁক নতুন মুখকে জায়গা দিয়েছেন ট্রাম্প। সেই তালিকায় উল্লেখযোগ্য রবার্ট। জানা গিয়েছে, ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসের প্রধান হচ্ছেন তিনি। এছাড়াও ওষুধ, ভ্যাকসিন, খাদ্যসুরক্ষার মতো একাধিক বিষয়ও থাকবে রবার্টের নজরদারিতে। নতুন দায়িত্ব পেয়ে উচ্ছ্বসিত তিনি। রবার্টকে নতুন পদে নিয়োগ করে ট্রাম্পের বার্তা, বহুদিন ধরেই খাদ্যসুরক্ষার ভুল নীতির জেরে ভুগেছে আমেরিকা। সেই মহামারি দূর করে আমেরিকাকে আবার শক্তিশালী করবেন কেনেডি।

# শ্রীলঙ্কার সংসদীয় নির্বাচনে জয়যুক্ত বামজোট, ভোট পরল ৬২ শতাংশ

**কলম্বো, ১৫ নভেম্বর:** শ্রীলঙ্কার সংসদীয় নির্বাচনে বিরাট জয় পেল বামপন্থী জোট। শুক্রবার পর্যন্ত প্রকাশিত ফলাফলে দেখা গিয়েছে, অন্তত ৬২ শতাংশ ভোট পড়েছে বাম জোটের পক্ষে। পার্লামেন্টের ২২৫টি আসনের ১২৩টিই জিতে নিয়েছে তারা। আরও বেশ কয়েকটি আসনে এগিয়ে রয়েছেন জোটের প্রার্থীরা। উল্লেখ্য, সেপ্টেম্বর মাসেই শ্রীলঙ্কার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন বামপন্থী জোটের নেতা অনুরা কুমার দিশানায়েক। তারপরেই দ্রুত পার্লামেন্ট নির্বাচনের ঘোষণা করেন তিনি।

শ্রীলঙ্কার বামপন্থী দল জনতা ভিমুক্তি পেরামুনার নেতৃত্বে গঠিত হয়েছে ন্যাশনাল পিপলস পাওয়ার জোট। গতবার পার্লামেন্ট নির্বাচনে এই জোট মাত্র তিনটি আসন পেয়েছিল। খুব অল্প সময়ের জন্য কৃষিমন্ত্রীও হয়েছিলেন দিশানায়েক। কিন্তু ধীরে ধীরে তৎকালীন রাজাপক্ষে সরকারের থেকে দূরত্ব বাড়াতে শুরু করে বামপন্থী জোট। তার পরেই বিরাট আর্থিক সংকট শুরু হয় দ্বীপরাষ্ট্রে। সেই বেহাল দশা কাটানোর প্রতিশ্রুতি দিয়ে প্রেসিডেন্ট পদে বিপুল ভোটে জয়ী হন দিশানায়েক। সেপ্টেম্বর মাসে দিশানায়েক প্রেসিডেন্ট নির্বাচিত হন। কুরসিতে বসেই তিনি দ্রুত পার্লামেন্ট নির্বাচনের ডাক দেন। বৃহস্পতিবার সংসদীয় নির্বাচন হয় গোটা শ্রীলঙ্কাজুড়ে। ভোট দেওয়ার পরেই অবশ্য জয় নিয়ে আশাবাদী ছিলেন দিশানায়েক। ভোট দেওয়ার পরে তিনি বলেন, রাজনীতিতে দুর্নীতি দূর করবে এনপিপি জোট। দেশের বেহাল অর্থনীতিকেও ফের চাঙ্গা করার আশ্বাস দিয়েছে জোট।



**e-Tender Notice**
**NIQ No. 30/24-25, dt. 14/11/2024**
Repairing of Sajaldhara Scheme Phase-I 15th FC (Tied) 2022-23 A/c- 57975120 (Total 1 nos) Last date of documents Downloading & bid sub. 22/11/2024 upto 05-00 p.m. (Other details collect from the office and website **https://wbtenders.gov.in**)
*Sd/- E.O.*
*Chapra Pan Samity, Nadia*

**পূর্ব রেলওয়ে**

সিনিয়র ডিভিসনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার/ (জেনারেল), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রিমোট কন্ট্রোল বিল্ডিং, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন। **ক্র.নং ১, টেন্ডার নং : ইএলইজি-ওটি-৭১৯-২০১৯-২০-আর, তারিখ ১৩.১১.২৪। কাজের বিবরণ :** বাসুলডাঙ্গায় : অনুমোদিত কাজ পিবি-ইআর-১৮-১৯ (৭০৬)-এর সাথে যুক্ত এফওবি-র ব্যবস্থা। **ক্র.নং ২, টেন্ডার নং : ইএলইজি-ওটি-১১৫৫-২০২৪-২৫, তারিখ ১৩.১১.২০২৪। কাজের বিবরণ:** এনসিসি কোচিং ইয়ার্ড, শিয়ালদহের ক্যাটওয়াক নং ০৬-এর সংস্কার। **টেন্ডার মূল্য :** ১৫,২৯,৯০৫.২৮ টাকা (ক্র.নং ১-এর জন্য) ও ৪৩,৮৩,৮৪৪ টাকা (ক্র.নং ২-এর জন্য)। **বায়নামূল্য:** ৩০,৬০০ টাকা (ক্র.নং ১-এর জন্য) ও ৮৭,৭০০ টাকা (ক্র.নং ২-এর জন্য)। **টেন্ডার নথিপত্রের মূল্য :** শূন্য প্রতিটির জন্য। **কাজ শেষের সময়সীমা :** ১২ মাস (ক্র.নং ১-এর জন্য) ও ৮ মাস (ক্র.নং ২-এর জন্য)। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় :** ০৬.১২.২০২৪ তারিখ দুপুর ২টো প্রতিটির জন্য। **টেন্ডার বিড খোলার তারিখ:** ০৬.১২.২০২৪ তারিখ দুপুর ২টোর পর প্রতিটির জন্য। **টেন্ডার বিডিং শুরুর তারিখ:** ২২.১১.২০২৪ প্রতিটির জন্য। টেন্ডার বিজ্ঞপ্তির বিশদ বিবরণ এবং সময়ে সময়ে ইস্যু করা সংশোধনী **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।
(SDAH-234/2024-25)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

GPT group
**জিপিটি হেলথকেয়ার লিমিটেড**
(CIN : U70101WB1989PLC047402)
রেজি. অফিস : জিপিটি সেন্টার, জেসি - ২৫, সেক্টর - ৩, সল্টলেক, কলকাতা - ৭০০১০৬, পশ্চিমবঙ্গ (ভারত)
ফোন : +৯১-৩৩-৪০৫০-৭০০০
ফ্যাক্স : +৯১-৩৩-৪০৫০-৭৯৯৯
ইমেল : ghl.cosec@gptgroup.co.in
ওয়েবসাইট : www.ilshospitals.com
**নোটিশ**
**নথিভুক্তির তারিখ এবং প্রথম অন্তর্বর্তীকালীন ডিভিডেন্ড ঘোষণা**
কোম্পানির ডিরেক্টর বোর্ডের **১৪ নভেম্বর ২০২৪** তারিখে অনুষ্ঠিত সভায় কোম্পানির প্রতিটি প্রাথমিক মূল্য ইক্যুইটি শেয়ারের (১০ টাকা প্রতিটি) জন্য ২০২৪-২৫ আর্থিক বর্ষের জন্য ১০ শতাংশ হারে (প্রতিটি শেয়ারে ১.০০ টাকা) প্রথম অন্তর্বর্তীকালীন ডিভিডেন্ড ঘোষণা করেছে। সংশ্লিষ্ট অন্তর্বর্তীকালীন ডিভিডেন্ড বিধিবদ্ধ সময়ের মধ্যে কোম্পানির ইক্যুইটি শেয়ারহোল্ডারগণকে প্রদান করা হবে সংশ্লিষ্ট উদ্দেশ্যে নথিভুক্তির তারিখ **বৃহস্পতিবার ২৮ নভেম্বর ২০২৪** অনুযায়ী যাদের নাম কোম্পানির সদস্যগণের রেজিস্টার বা ডিপোজিটরিজ এর নথিতে শেয়ারের সুবিধাভোগী মালিক হিসেবে নথিভুক্ত রয়েছে সাপেক্ষে। উক্ত তথ্যাদি কোম্পানির ওয়েবসাইট (www.ilshospitals.com) এবং কোম্পানির শেয়ারসমূহ তালিকাভুক্ত রয়েছে এমন স্টক এক্সচেঞ্জ এর ওয়েবসাইটে অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অব ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) পাওয়া যাবে।
জিপিটি হেলথকেয়ার লিমিটেডের পক্ষে
স্বা/-
অঙ্কুর শর্মা
(কোম্পানি সেক্রেটারি এবং প্রয়োগ আধিকারিক)
এম নং এ৩১৮৩৩)
স্থান : কলকাতা
তারিখ : ১৪ নভেম্বর ২০২৪

Office of the Principal
**DEBRA THANA SAHID KSHUDIRAM SMRITI MAHAVIDYALAYA**
(Government Aided, Autonomous NAAC Accredited "A" Grade College, affiliated to Vidyasagar University)
P.O- Chakshyampur, Dist- Paschim Medinipur. PIN- 721124 W.B. INDIA
**NOTICE INVITING TENDER**
E Tender (ID-2024_DHE_2024_DHE_769728_1) dated: 14/11/2024
Tender Reference No. dtsksm/NIT63/24
E-Tenders are invited from eligible Suppliers/agencies for Supply of Laboratory Equipment for Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya with adequate credentials and financial capabilities. Intending bidder may download the tender documents from the website https://wbtenders.gov.in
**Sd/- (Dr. Rupa Dasgupta) Principal**
**Debra Thana Sahid Kshudiram Smriti Mahavidyalaya**
**Chakshyampur, Debra, Paschim Medinipur.**

**Nischinda Gram Panchayat**
Bally, Howrah
**E-TENDER INVITING NOTICE**
Electronic Tenders are hereby invited from the bonafied and resourceful bidders for different development works vide **e-NIT No. 13/NGP/2024-25, 36/NGP/24-25 to 39/NGP/24-25 and 45/NGP/24-25 to 52/NGP/24-25.** Bid submission start date: **14/11/2024 at 05 :00 PM.** Last date of Bid submission: **23/11/2024 up to 06:00 PM.** Date of opening: **26/11/2024 at 01:00 PM.** Details are available in https://wbtenders.gov.in & https://etender.wb.nic.in and Office Notice Board.
Sd/-
Prodhan
Nischinda Gram Panchayat